



THE DAILY CAMPUS

25-01-2024, Online

বসন্তকালীন সেমিস্টারের নবীনদের বরণ করল ইন্স্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়

টিভিসি রিপোর্ট | প্রকাশ: ২৫ জানুয়ারি ২০২৪, ০৮:৩২ PM, আপডেট: ২৫ জানুয়ারি ২০২৪, ০৮:৩৭ PM



বসন্তকালীন সেমিস্টারের নবীনদের বরণ করে নিয়েছে ইন্স্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। © টিভিসি ফটো।

নানান আয়োজনের মধ্য দিয়ে দেশের অন্যতম বেসরকারি উচ্চশিক্ষা প্রতিষ্ঠান ইন্স্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় বসন্তকালীন সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের বরণ করে নিয়েছে। বৃহস্পতিবার (২৫ জানুয়ারি) রাজধানীর আফতাবনগরে নিজস্ব ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের ১৩টি বিভাগ পৃথক অনুষ্ঠানের মাধ্যমে নিজ নিজ শিক্ষার্থীদের বরণ করে নেন।

এবারে বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীতে প্রায় ১ হাজার ৬০০ শিক্ষার্থীকে বরণ করা হয়। এসব অনুষ্ঠানে নবীনদের বরণ করে নেবার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিয়ম কানুন, শিক্ষা কার্যক্রম ও সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণা দেওয়া হয়। সেই সঙ্গে শিক্ষা কার্যক্রমের সাথে সহশিল্প শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সাথে পরিচয় করিয়ে দেওয়া হয়।



নবীনবরণ অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান, উপ-উপাচার্য অধ্যাপক ড. আশিক মোসাদ্দিক, বিশ্ববিদ্যালয়ের ডিনবুন্দ এবং কর্মকর্ত্ত্বে সফল সাবেক শিক্ষার্থীগণ।

অনুষ্ঠানে বজারা কঠোর অনুশীলনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জীবনকে কাজে লাগিয়ে আগামীতে দেশকে এগিয়ে নেবার জন্য তৈরি হতে নবীন শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। সেই সঙ্গে একাডেমিক শিক্ষার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সহশিক্ষা কার্যক্রমে সক্রিয় হয়ে মানবীয় গুণাবলি এবং উত্তোলনী ক্ষমতার বিকাশ ঘটানোর সুযোগ নেবারও তাগিদ দেন।